**BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)**

1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

**সংবাদ বিজ্ঞপ্তি**

International Training on

# Comparative Governance Forum 2026

Inauguration

Monday, 03 August 2026

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস), ফুদান বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ইন্টারন্যাশনাল রিলেশনস অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স (এসআইআরপিএ)-এর সাথে যৌথভাবে বিআইআইএসএস মিলনায়তনে 'Comparative Governance Forum 2026' শীর্ষক একটি আর্ন্তজাতিক প্রশিক্ষণ ফোরামের আয়োজন করেছে। আজ (৩ আগস্ট) এই ফোরামের উদ্বোধন করা হয়। চার দিনব্যাপী (৩ থেকে ৬ আগস্ট) এই প্রশিক্ষণ ফোরামে একটি প্যানেল আলোচনা, দশটি বিশেষজ্ঞ বক্তৃতা এবং পদ্মা সেতু ও দশেরকান্দি পয়ঃনিষ্কাশন শোধনাগার পরিদর্শন অন্তর্ভুক্ত থাকবে।

ফোরামের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের **মাননীয় উপদেষ্টা জনাব হুমায়ুন কবির**। বিশেষ অতিথি হিসেবে অধিবেশনে যোগ দেন ফুদান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য **অধ্যাপক চেন ঝিমিন (CHEN Zhimin)** এবং বাংলাদেশে গণপ্রজাতন্ত্রী চীনের **মাননীয় রাষ্ট্রদূত মি. ইয়াও ওয়েন (Yao Wen)**। উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন বিআইআইএসএস-এর মহাপরিচালক **মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান**, **এডব্লিউসি**, **এএফডব্লিউসি**, **পিএসসি**, **জি।**

স্বাগত বক্তব্যে **মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান**, **এডব্লিউসি**, **এএফডব্লিউসি**, **পিএসসি**, **জি,** নীতি-ভিত্তিক সংলাপকে উৎসাহিত করা এবং শীর্ষস্থানীয় আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানগুলোর সাথে প্রাতিষ্ঠানিক সহযোগিতা জোরদার করার ক্ষেত্রে বিআইআইএসএস-এর অঙ্গীকারের ওপর জোর দেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে ফুদান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য **অধ্যাপক চেন ঝিমিন** গবেষণা, উদ্ভাবন এবং পারস্পরিক শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে অ্যাকাডেমিক অংশীদারিত্বের গুরুত্ব তুলে ধরেন। অপর বিশেষ অতিথি, বাংলাদেশে নিযুক্ত গণপ্রজাতন্ত্রী চীনের **মাননীয় রাষ্ট্রদূত মি. ইয়াও ওয়েন,** বাংলাদেশ-চীন সম্পর্কের অবিচল অগ্রগতির ওপর আলোকপাত করেন। প্রধান অতিথি, পররাষ্ট্র মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের জন্য প্রধানমন্ত্রীর **মাননীয় উপদেষ্টা জনাব হুমায়ুন কবির** বলেন যে, এ ফোরামের মতো প্ল্যাটফর্মগুলো নীতিগত শিক্ষাকে সহজতর করে, বুদ্ধিবৃত্তিক আদান-প্রদানকে উৎসাহিত করে এবং অংশীদার দেশগুলোর সাধারণ শাসনতান্ত্রিক চ্যালেঞ্জগুলো মোকাবিলায় অবদান রাখে।

উদ্বোধনী অধিবেশনের পর, বিআইআইএসএস এবং ফুদান বিশ্ববিদ্যালয় গবেষণা, একাডেমিক বিনিময়, সক্ষমতা বৃদ্ধি, যৌথ প্রকাশনা এবং নীতি সংলাপে সহযোগিতাকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে একটি **সমঝোতা স্মারক (এমওইউ)** স্বাক্ষর করে।

এই ফোরাম শাসনব্যবস্থা, জননীতি এবং আন্তর্জাতিক বিষয়াবলীর ওপর দৃষ্টিভঙ্গি বিনিময়ের জন্য বাংলাদেশ ও চীনের শিক্ষাবিদ, গবেষক, নীতিনির্ধারক এবং পেশাদারদের একত্রিত করেছে। চার দিনব্যাপী এই ফোরামে চীনের শাসন মডেল, লক্ষ্যভিত্তিক দারিদ্র্য বিমোচন, ডিজিটাল শাসন ও কৃত্রিম বুদ্ধিমত্তা, জাতীয় শাসনব্যবস্থার আধুনিকীকরণ, গ্লোবাল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ, শিল্পায়ন, ২০৩০-পরবর্তী যৌথ উন্নয়ন এবং বাংলাদেশ-চীন সহযোগিতার উদীয়মান দিকসহ বিভিন্ন বিষয়ে বিস্তৃত পরিসরের পর্যালোচনা করা হবে। এই অধিবেশনগুলোর উদ্দেশ্য হলো আলোচনার মাধ্যমে বাংলাদেশ ও চীনের মধ্যে জ্ঞান বিনিময়, তুলনামূলক নীতি শিক্ষা এবং শক্তিশালী প্রাতিষ্ঠানিক সহযোগিতাকে উৎসাহিত করা।

**BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)**

1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

---

**Press Release**

International Training on

# Comparative Governance Forum 2026

Inauguration

Monday, 03 August 2026

The Bangladesh Institute of International and Strategic Studies (BIISS), in collaboration with the School of International Relations and Public Affairs (SIRPA), Fudan University, inaugurated the **Comparative Governance Forum 2026** at the BIISS Auditorium today. The four-day forum, taking place from **3–6 August 2026**, will comprise one **panel discussion,** ten **expert lectures** and **field visits** to the Padma Bridge and the Dasherkandi Sewage Treatment Plant.

The inaugural session of the forum was graced by **H E Mr Humaiun Kobir,** Honourable Adviser to the Prime Minister for the Ministry of Foreign Affairs, the Ministry of Disaster Management and Relief, and the Ministry of Civil Aviation and Tourism, as the Chief Guest. **Professor CHEN Zhimin,** Vice-President of Fudan University, and **H E Mr Yao Wen,** Ambassador Extraordinary and Plenipotentiary of the People's Republic of China to Bangladesh, attended the session as the Special Guests. The inaugural session was chaired by **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G**, Director General of BIISS.

In his welcome remarks, **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G** emphasised BIISS' commitment to fostering policy-oriented dialogue and strengthening institutional collaboration with leading international research institutions. Delivering his remarks as Special Guest, **Professor CHEN Zhimin**, Vice-President of Fudan University, underscored the value of academic partnerships in advancing research, innovation, and mutual learning. The other Special Guest, **H.E. Mr Yao Wen**, Ambassador Extraordinary and Plenipotentiary of the People's Republic of China to Bangladesh, highlighted the steady progress of Bangladesh-China relations. The Chief Guest, **H.E. Mr Humaiun Kobir**, Honourable Adviser to the Prime Minister for the Ministry of Foreign Affairs, the Ministry of Disaster Management and Relief, and the Ministry of Civil Aviation and Tourism, observed that platforms such as the Comparative Governance Forum facilitate policy learning, encourage intellectual exchange, and contribute to addressing common governance challenges faced by partner countries.

Following the inaugural session, BIISS and Fudan University signed a **Memorandum of Understanding (MoU)** to institutionalise cooperation in research, academic exchanges, capacity building, joint publications, and policy dialogue.

The forum has brought together academics, researchers, policymakers, and practitioners from Bangladesh and China to exchange perspectives on governance, public policy, and international affairs. Over the four days, the forum will examine a broad range of topics, including China's governance model, targeted poverty alleviation, digital governance and artificial intelligence, modernisation of national governance systems, the Global Development Initiative, industrialisation, shared development beyond 2030, and emerging dimensions of Bangladesh-China cooperation. Through these sessions, the forum seeks to promote knowledge exchange, comparative policy learning, and stronger academic collaboration between Bangladesh and China.